

B.A. 4<sup>th</sup> Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : রবীন্দ্রসাহিত্য

Course ID : 40114

Course Code : AHBNG-404GE-4

সময় : ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২ × ৫ = ১০
- (ক) 'কবে কোন্ বিস্মৃত বরষে' – কোন্ 'বিস্মৃত বরষে'র কথা বলা হয়েছে ?
- (খ) 'মুক্তি' কবিতাটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?
- (গ) 'বিবাহ করিতে আসিয়াছি, বিবাহ করিয়া যাইব' – কে, কখন এই উক্তি করেছে ?
- (ঘ) 'গুপ্তধন' গল্পের ধাঁধাটি উল্লেখ করো।
- (ঙ) 'যোগাযোগ' উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো। উপন্যাসটির প্রথম নামকরণ কি ছিল ?
- (চ) 'যোগাযোগ' উপন্যাসের দুটি অপ্রধান চরিত্রের নামোল্লেখ করো।
- (ছ) 'কালের যাত্রা' গ্রন্থটি কি উপলক্ষে কাকে উৎসর্গ করা হয় ? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।
- (জ) 'কালের যাত্রা' গ্রন্থটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয় ?
- ২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০
- (ক) 'বাঁশি' কবিতার মূলভাব নিজের ভাষায় পর্যালোচনা করো।
- (খ) 'এবার বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়' – প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।
- (গ) 'যোগাযোগ' উপন্যাসে বর্ণিত পারিবারিক বিরোধের ইতিহাসটি নিজের ভাষায় বিবৃত করো।
- (ঘ) 'জীবন আমার যাঁর সাধনায় মগ্ন  
সেই দেবতা গুলি যে আছেন অতলে' – প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।
- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ২ = ২০
- (ক) 'সাধারণ মেয়ে' কবিতায় নারীর আক্ষেপ কিভাবে প্রকাশ পেয়েছে তা নিজের ভাষায় লেখ।
- (খ) 'নষ্টনীড়' গল্পের নামকরণ যথার্থ হয়েছে কিনা নিজের ভাষায় আলোচনা করো।
- (গ) 'যোগাযোগ' উপন্যাসে মধুসূদন চরিত্রের দ্বারা উপন্যাসের কোন্ প্রয়োজন সিদ্ধ হয়েছে তা নিজের ভাষায় ব্যাখ্যা করো।
- (ঘ) রূপক-সাংকেতিক নাটক হিসাবে কালের যাত্রার অন্তর্গত 'রথের রশি'-র সার্থকতা বিচার করো।